

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
প্রশাসন-১ শাখা

...

সভাপতি মোঃ মহসিনুল আলম  
মহাপরিচালক  
সভার তারিখ ০৫/১১/২০২০ খ্রিঃ  
সভার সময় ১০.৩০  
স্থান অধিদপ্তরের কনফারেন্স রুম (৪০৭ নং কক্ষ)  
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনাস্তে নিম্নের সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্র.	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	অক্টোবর/২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃষ্টিকরণ।	কারও কোনো আপত্তি / সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।	
০২	অধিদপ্তরের কার্যপরিধি নির্ধারণ সংক্রান্ত।	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের বিদ্যমান Allocation of Business, জাতীয় টেলিযোগাযোগ নীতিমালা, ২০১৮ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক প্রস্তাবিত নতুন প্রযুক্তি বিষয়ক কার্যক্রম যেমন : ডিজিটাল ট্রান্সফরমেশন, ৫জি প্রযুক্তি, ক্লাউড কম্পিউটিং, সাইবার ডিজিটাল সিস্টেম, রোবোটিক্স, ব্লক চেইন টেকনোলজি, IOT/ M2M Communication ইত্যাদি অধিদপ্তরের কার্যপরিধিতে অর্ন্তভুক্ত করার প্রস্তাব করা হয়েছে।	রেগু লেটরী উইং
০৩	সেবা মনিটরিং সেলের রিপোর্ট সংক্রান্ত।	অক্টোবর, ২০২০ মাসে ১০ জন কর্মকর্তা/কর্মচারীর যোগদানপত্র গ্রহণ, পদস্থাপন ও পিআরএল মঞ্জুরী, লাম্পগ্র্যান্ডের ৪২ টি আবেদনের মধ্যে ৩৭ টি মঞ্জুরী, জিপিএফ (ফেরত/ অফেরত) ১১৬ টি আবেদনের মধ্যে ৮২ টি মঞ্জুরী, জিপিএফ (চুড়ান্ত) ১১৫ টি আবেদনের মধ্যে ৮৬ টি মঞ্জুরী এবং সিএন্ডএফও অফিসে প্রেরিত চলতি মাসে ৪৯ টি সহ মোট ১৫৮ টি পেনশন আবেদনের মধ্যে ৪৬ টি নিষ্পত্তি, যৌথবীমা তহবিল থেকে সহায়তার ১২ টি আবেদনের মধ্যে ০৬ টি প্রেরণ, কল্যাণ তহবিল থেকে সহায়তার ১৫ টি আবেদনের মধ্যে ০৬ টি প্রেরণ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের এককালীন অনুদানের ৫৪ টি আবেদনের মধ্যে ০৩ টি আবেদন প্রেরণ, সাধারণ ও জটিল রোগের চিকিৎসা সহায়তার ০৭ টি আবেদনের মধ্যে ০৫ প্রেরণ করায় সন্তোষ প্রকাশ করা হয়। পেনশন কেইস ও কল্যাণ শাখার কার্যক্রম গতিশীল করা নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা)
০৪	অর্থ শাখার কার্যক্রমের সফটকপি সংরক্ষণকরণ সংক্রান্ত।	অর্থ শাখায় বিবিধ কাজের তথ্য ম্যানুয়েলী রেজিস্ট্রার খাতায় সংরক্ষণ করা হচ্ছে যার সফট কপি নেই। এসকল তথ্যাবলীর সফট সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক (অর্থ)
০৫	বিটিসিএলের বকেয়া বেতন-ভাতা ও ছাড়পত্র প্রদান বিষয়ক	বিটিসিএল এর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক সভায় অনানুষ্ঠানিক ভাবে উপস্থিত হলে টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তাদের বাসা ভাড়া ছাড়পত্র প্রদান, বকেয়া বেতন প্রদান এবং হিসাব শাখার জন্য একজন সহকারী পরিচালক প্রদানের আশ্বাস প্রদান করেন।	পরিচালক (প্রশাসন)
০৬	মাসিক শাখা পরিদর্শন প্রতিবেদন প্রদান সংক্রান্ত।	প্রতিমাসে অতিরিক্ত মহাপরিচালক/ পরিচালক পর্যায়ের অধীনস্থ শাখাসমূহের অন্ততঃ একটির পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদনের সাথে পূর্ববর্তী মাসের পরিদর্শন প্রতিবেদনের অগ্রগতির তথ্য উল্লেখ করে মহাপরিচালক মহোদয় বরাবর জমা দান করতে হবে।	সকল অতিরিক্ত মহাপরিচালক/ পরিচালক
০৭	কর্মকর্তা/ কর্মচারীদের পোষাদের পাসপোর্ট এর NOC প্রদান সংক্রান্ত।	কর্মচারীদের পোষাদের পাসপোর্ট এর NOC প্রদানের ক্ষেত্রে পাসপোর্ট অধিদপ্তরের নির্ধারিত অনাপত্তি ফরম ও সংশ্লিষ্ট শর্তাবলী অনুসরণ করে অধিদপ্তরের NOC প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী
০৮	অডিটরিয়াম হস্তান্তর ও ব্যবহার সংক্রান্ত।	উপপরিচালক (প্রশিক্ষণ) কর্তৃক অডিটরিয়ামের দৈনন্দিন রক্ষণাবেক্ষন ও পরিচালনার জন্য প্রকল্প কর্তৃক হস্তান্তরিত যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ডকুমেন্টসহ বুঝে নিবেন। প্রশাসন অনুবিভাগ হতে এতদসংক্রান্ত প্রশাসনিক আদেশ জারী করবে। অডিটরিয়ামে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশিক্ষণ)
০৯	কোভিড-১৯ এর ২য় ঢেউ মোকাবেলার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ।	কোভিড-১৯ এর ২য় ঢেউ প্রতিরোধে সকলকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাসমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক নির্ধারিত তথ্য সম্বলিত ব্যানার তৈরি ও স্থাপনের নির্দেশ দেয়া হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী/ পরিচালক (প্রশাসন)
১০	কনিষ্ঠ কর্মকর্তাদের জন্য বাথরুম সহ কাউন্সেলিং কাউন্টার তৈরি সংক্রান্ত।	টেলিযোগাযোগ অধিদপ্তরের কনিষ্ঠ কর্মকর্তাদের জন্য বাথরুম ও অন্যান্য প্রয়োজনীয় সুবিধাসহ কাউন্সিলিং কাউন্টার তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।	পরিচালক (প্রশাসন)
১১	সভার নির্ধারিত এজেন্ডা উপস্থাপন	সভায় এজেন্ডায় প্রদান করে আলোচনার সুযোগ রয়েছে এজাতীয় বিষয়ে বিবিধ অংশে আলোচনা পরিহারের নিমিত্তে ভবিষ্যতে সুনির্দিষ্ট এজেন্ডা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।	সকল কর্মকর্তাগণ


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।



স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১২৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ২) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৩) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৪) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ৬) অফিস কপি।



এস. এম ফরহাদ হোসেন  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)